


## স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

[ তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার ( তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত ]

- ০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার ( তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সঙ্গতি রেখে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করা হচ্ছে ।
- ০২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা এবং তথ্য অধিকার ( তথ্য প্রকাশ ও প্রচার ) প্রবিধানমালা, ২০১০ এর সাথে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- ০৩। স্ব-প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে ।
- ০৪। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করা হয় ।
- ০৫। নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হয় ।
- ০৬। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করা হয় ।
- ০৭। প্রতি ০২ (দুই) মাসে একবার সভা অনুষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয় ।
- ০৮। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েব সাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লিখা হয় ।
- ০৯। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয় ।
- ১০। তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ।
- ১১। ৩৩৩ কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন সেবা নিশ্চিত করা হয়েছে এবং এ দপ্তরের ওয়েব পোর্টালে কল সেন্টার (৩৩৩) সংযুক্ত করা হয়েছে ।

  
24/07/2020

( ইশরাত জাহান )

জেলা প্রশাসক

হবিগঞ্জ

ফোন : ০২৯৯৬৬০৭০৬২

ই-মেইল : dchabiganj@mopa.gov.bd